

জন বিজ্ঞপ্তি / Public Notice

১. ভারত সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ১২ই আগস্ট, ২০২১-এ জি.এস.আর. নং. ৫৭১ দ্বারা “প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা বিধি (সংশোধিত), ২০২১” বিজ্ঞপ্তি জারি করে। পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দপ্তর, ২৭শে জুন, ২০২২-এ বিজ্ঞপ্তি নং. ইএন/১২০৯/৩সি-২/২০১৯ মাধ্যমে প্লাস্টিক ক্যারি ব্যাগ-সহ একবার ব্যবহৃত প্লাস্টিক (এসইউপি) উৎপাদন, মজুত, বিতরণ, বিক্রয় এবং ব্যবহার নিষিদ্ধ করার জন্য বিজ্ঞপ্তি জারি করে।

Ministry of Environment, Forest & Climate Change, Govt. of India has notified G.S.R. No. 571 dated 12th August, 2021 Plastic Waste Management (Amendment) Rules, 2021. Notification of Environment Department, Govt. of West Bengal No. EN/1209/3C-22/2019, dated 27th June, 2022 for prohibiting production, stocking, distribution, sale & use of Single Use Plastic (SUP) items including plastic carry bags.

২. প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা (সংশোধিত) বিধি, ২০২২-এর ৪(১) ধারা অনুযায়ী ৩১শে ডিসেম্বর ২০২২-এর পর থেকে ১২০ মাইক্রনের কম পুরুত্ব বিশিষ্ট বিশুদ্ধ বা পুনর্ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জ্য থেকে প্লাস্টিক ক্যারি ব্যাগ ও তৎসহ পণ্য তৈরি করা যাবে না।

As per Rules 4(1) of PWM(Amendment) Rules, 2022” Carry bag and commodities made of virgin or recycled plastic shall not be less than one hundred twenty (120) microns in thickness with effect from the 31st December, 2022”

৩. এই বিজ্ঞপ্তিতে সমস্ত কারখানা/সংস্থা/বাণিজ্যিক সংস্থা (মল/মার্কেট/শপিং সেন্টার ইত্যাদি) / ই-কমার্স কোম্পানি/মজুতকারী/খুচরো বিক্রেতা এবং সাধারণ জনগণকে জ্ঞাত করা হচ্ছে যে, ১২০ মাইক্রন পুরুত্বের নীচে প্লাস্টিক ক্যারি ব্যাগ-এর উৎপাদন, আমদানি, মজুতকরণ, বিতরণ বা বিক্রয় করা যাবে না।

It is hereby informed to industries/agencies/Commercial Establishments (Mall/Market Places/Shopping Centres etc.)/E-Commerce Companies / Stockists / Retailers and general public not to manufacture, import, stocking, distribution, sale and use of plastic carry bag less than one hundred twenty (120) microns in thickness.